দৈনিক ইনকিলাব

২২/৯/২০০৭

তারিখ ........ পৃষ্ঠা ৩ .. কলাম ... ২ ....

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আবদুল মোমিন চৌধুরীর জীবন বৃত্তান্ত

প্রেস বিজ্ঞপ্তি ঃ বিশিষ্ট শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের কৃতী অধ্যাপক ড. আবদুল মোমিন চৌধুরী জাতীয় বিশ্ববিদ্যায়ের ভিসি হিসেবে গত ১০ সেপ্টেম্বর দায়িত্বভার গ্রহণ করেছেন। অসামান্য পাণ্ডিত্যের অধিকারী অধ্যাপক চৌধুরী ১৯৪০ সালের ২২ জানুয়ারী জন্মগ্রহণ করেন। তিনি আরমানিটোলা উচ্চ বিদ্যালয় হতে প্রথম বিভাগে মেট্রিকুলেশন ও ঢাকা কলেজে হতে প্রথম বিভাগে আইএ পাস করেন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের মেধাবী এই ছাত্র বিএ অনার্সে দ্বিতীয় শ্রেণীতে প্রথম স্থান এবং এমএতে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করার পর ১৯৬০ সালে ঐ বিভাগেই শিক্ষকতার জীবন শুরু করেন। ১৯৬৫ সালে ইউনিভার্সিটি অব লন্ডন হতে তিনি পিএইচডি ডিগ্রী লাভ করেন। ১৯৭৮ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদে উন্নীত হন। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি ইতিহাস বিভাগের চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডীন (দু'টার্ম) ও সিন্ডিকেট সদস্য হিসেবে (দু'টার্ম) দায়িত্ব পালন করেন। তিনি বর্তমানেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য। এছাড়াও এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ-এর এডিটরিয়াল বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ ইতিহাস সমিতির প্রেসিডেন্ট ও জেনারেল সেক্রেটারী, ঢাকা ইউনিভার্সিটি স্ট্যাডিজের (পার্ট-এ) সম্পাদক, এশিয়াটি সোসাইটি অব বাংলাদেশ জার্নালের সম্পাদক এবং বাংলাদেশ হিস্টরিক্যাল স্টাডিজ-এর সম্পাদকের দায়িত্ব পালন করেন।

## দুর্গাদাসকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি পদ থেকে অপসারণের সিদ্ধান্ত সময়োচিত

### –জাঃবিঃ'র ৪১ শিক্ষক

প্রেস বিজ্ঞপ্তি ঃ তত্ত্বাবধায়ক সরকার জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিতর্কিত ভিসি প্রফেসর দুর্গাদাস ভট্টাচার্যকে অপসারণ করার যে সময়োচিত সিদ্ধান্ত নিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৪১ জন শিক্ষক তার প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করেছেন।

বিবৃতিতে অন্যান্যের মধ্যে স্বাক্ষর করেছেন–প্রফেসর সৈয়দ সফিউল্লাহ, প্রফেসর জসিম উদ্দিন আহমদ, প্রফেসর মোঃ ইমাম উদ্দিন, প্রফেসর এম সলিমউল্লাহ খান, প্রফেসরে আ ফ ম উবায়দুর রহমান প্রমুখ।